



‘ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ও ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২২’ এর দরখাস্ত আহবান

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় কর্তৃক জাতীয় শিল্পনীতি ২০২২ অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির, রাষ্ট্রায়ত্ত্ব শিল্প ক্যাটাগরিতে বাংলাদেশে চালু সকল শিল্প/সেবা প্রতিষ্ঠানকে 'ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২২' এবং উৎপাদনশীলতা কার্যক্রমে বলিষ্ঠ ভূমিকার স্বীকৃতি স্বরূপ ট্রেড অর্গানাইজেশন অর্ডিন্যান্স, ১৯৬১ এর আওতায় রেজিস্ট্রার্ড ট্রেডবডি/বাণিজ্য সংগঠনকে 'ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২২' প্রদান করা হবে। এ লক্ষ্যে আগ্রহী শিল্প/সেবা প্রতিষ্ঠান এবং বিভিন্ন ট্রেডবডি ও ব্যবসায়ী সংগঠনের নিকট হতে এনপিও'র নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন ফরম ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। শিল্প ও সেবা প্রতিষ্ঠানের মালিক/মনোনীত প্রতিনিধিগণকে ক্যাটাগরি ও খাত-উপখাত ভিত্তিক এনপিও'র নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমের মূল্য বাবদ সংশ্লিষ্ট ফি সরকারি খাতে (১-৩৯৩৭-০০০০-২৬৮১) ট্রেজারি চালান এর মাধ্যমে জমাদানপূর্বক এনপিও দপ্তরে চালান রশিদ এর মূলকপি জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। পূরণকৃত আবেদন ফরম ২৫ মে ২০২৩ এর মধ্যে (অফিস চলাকালীন সময়ে) এনপিও কার্যালয়ে পৌঁছাতে হবে। আবেদনকারীগণকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ও ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ এবং জাতীয় শিল্পনীতি ২০২২ যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ও ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০, জাতীয় শিল্পনীতি ২০২২ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত **Enquiry Form-1** এবং **Enquiry Form-2** এনপিও'র ওয়েবসাইটে (www.npo.gov.bd) পাওয়া যাবে।

(মোহা: আবিদা সুলতানা)
উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা
ফোন: ০২২২৩৩৫৮৭৭০
abedanpo@gmail.com

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার